শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রণালয়
পরিবেশ শাখা-১

২১ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ।

নং-২২.০০.০০০০.০৭২.১১.০২৬.১৯/১৭০

তারিখ: ------------------------
০৬ অক্টোবর ২০২০ খ্রিষ্টাব্দ।

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ১৫ ডিসেম্বর ২০১৯ তারিখের ৮০.১১০.০১১.০০.০০.০০৬.২০১৯-৩১৪ সংখ্যক স্মারকের সুপারিশক্রমে নিম্নোক্ত ছকে বর্ণিত ১৬ (ষোল) জন প্রার্থীকে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীন পরিবেশ অধিদপ্তরের 'পরিদর্শক' (২য় শ্রেণী) নন-ক্যাডার পদে (১০ম গ্রেডে) জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী টাকা ১৬০০০-৩৮৬৪০ বেতনক্রমে নিম্নলিখিত শর্তে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রমিক নং | প্রার্থীর নাম ও রেজি:নম্বর | পদের নাম | পিতার নাম | মাতার নাম | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১. | সুশীল কুমার দাস ০১৩৩৮৬ | পরিদর্শক/ ইনভেস্টিগেটর | সুবোধ রঞ্জন দাস | সুনন্দা রানী দেবী | এম-৬৪৮, কলেজ রোড গ্রাম: রাঘাইচটি, ডাকঘর: গফরগাঁও, উপজেলা: গফরগাঁও , জেলা: ময়মনসিংহ। |
| ২. | মোহাম্মদ শামসুর রহমান ০৯০২৬২ | ঐ | আব্দুল আউয়াল মিয়া | সাহিদা বেগম | ব্লক: C/B, হোল্ডিং ১৯৬৭, গ্রাম: চারিগ্রাম (উত্তরপাড়া) (সরকারী প্রাথমিক বিদ্যালয়ের উত্তর পাশে), ডাকঘর: মির্জানগর-১৩৪৪, উপজেলা: সাভার, জেলা: ঢাকা। |
| ৩. | মনোয়ারুল ইসলাম ১১৭৩৩৬ | ঐ | নুরুল ইসলাম | মনোয়ারা | গ্রাম: চাঁদপুর, ডাকঘর: কাজলা, উপজেলা: গোবিন্দগঞ্জ, জেলা: গাইবান্ধা। |
| ৪. | প্রতীক ইসলাম ১৫৪০৪২ | ঐ | শাহাবুদ্দিন আহমেদ | মাহবুবা খানম | গ্রাম: দরিচর লক্ষীপুর, ডাকঘর: কালকিনি, উপজেলা: কালকিনি, জেলা: মাদারীপুর। |
| ৫. | মোঃ নাজির উল্লাহ ৭০০০৬৭ | ঐ | মোঃ আব্দুল মাজেদ | মোছাঃ নাসিমা বেগম | গ্রাম: উত্তম বাওয়াইপাড়া, ডাকঘর: উত্তম হাজিরহাট, উপজেলা: রংপুর সদর, জেলা: রংপুর। |
| ৬. | মোঃ শাওন শওকত ০৮৭৩৫৯ | ঐ | মো: ফরিদ উদ্দিন আহমেদ | হোসনেয়ারা বেগম | গ্রাম: কান্দুঘর, ডাকঘর: কান্দুঘর, উপজেলা: ব্রাহ্মনপাড়া, জেলা: কুমিল্লা। |
| ৭. | মোঃ হাবিবুর রহমান ০১৩৩৬১ | ঐ | মো: মফিজুর রহমান | মোছা: হালিমা বেগম | গ্রাম: জাহাঙ্গীরপুর, ডাকঘর: খানসামা, উপজেলা: খানসামা, জেলা: দিনাজপুর। |
| ৮. | মোঃ তানভীর হায়াত ১১২১৬১ | ঐ | মোঃ ইদ্রীস আলী | আলপনা বেগম | গ্রাম: দঃ পাথালিয়া, ডাকঘর: ঝাওয়াইল (১৯৯১), উপজেলা: গোপালপুর, জেলা: টাংগাইল। |
| ৯. | রাজীব রায় ৩০৬০০০ | ঐ | নিতাই রায় | মীনা রায় | গ্রাম: রামচন্দ্রপুর, ডাকঘর: রামচন্দ্রপুর-৩৫৪১, উপজেলা: মুরাদনগর, জেলা: কুমিল্লা। |
| ১০. | ছাদেকুর রহমান ৬০০৮৮১ | ঐ | সৈয়দ সরুয়ারদী | শাহনাজ বেগম | গ্রাম: শ্রীফুলিয়া, ডাকঘর: নৌকাঘাটা, উপজেলা: শিবপুর, জেলা: নরসিংদী। |
| ১১. | বিপ্লব কুমার সূত্রধর ০১৩৭৬৬ | ঐ | বাদল চন্দ্র সূত্রধর | ঊষা রানী সূত্রধর | গ্রাম: আনন্দ নগর, ডাকঘর: সূয়াপুর, উপজেলা: ধামরাই, জেলা: ঢাকা। |

| ক্রমিক নং | প্রার্থীর নাম ও রেজি:নম্বর | পদের নাম | পিতার নাম | মাতার নাম | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১২. | মোঃ সাখাওয়াত হোসাইন ০৭৪৮৯৪ | পরিদর্শক/ ইনভেস্টিগেটর | মোঃ আব্দুল কাদির | নাজমা বেগম | গ্রাম: বিকে বাড়ী (সীটপাড়া), ডাকঘর: মির্জাপুর বাজার (১৭০৩), উপজেলা: গাজীপুর সদর, জেলা: গাজীপুর। |
| ১৩. | মনিরুজ্জামান শেখ ০৫৯১৮৯ | ঐ | ইউনুস আলী | নাসিমা খানম | গ্রামঃ প্রতাপপুর, ডাকঘরঃ গোপালপুর, উপজেলাঃ কচুয়া, জেলাঃ বাগেরহাট। |
| ১৪. | সঞ্জিত বিশ্বাস ১২০২৮৬ | ঐ | শুকদেপ বিশ্বাস | বেদানা বিশ্বাস | গ্রামঃ বাগিচাপাড়া, ডাকঘরঃ কামারখালি, উপজেলাঃ মধুখালি, জেলাঃ ফরিদপুর। |
| ১৫. | ফাতেমা-তুজ-জোহরা ০১৯২৫৭ | ঐ | মোহাম্মদ জাকির হোসেন | মাহমুদা বেগম | গ্রামঃ মির্জাপুর বাজার, ডাকঘরঃ মির্জাপুর, উপজেলাঃ মির্জাপুর, জেলাঃ টাঙ্গাইল। |
| ১৬. | মাহমুদা তামান্না খান ০৯৯০২৮ | ঐ | আব্দুল মান্নান খান | দেলোয়া বেগম | গ্রামঃ বাগেরহাট, ডাকঘরঃ রায়েদ, উপজেলাঃ কাপাসিয়া, জেলাঃ গাজীপুর। |

০২। **নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের নিয়োগের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্ত প্রযোজ্য হবেঃ**

(ক) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে ২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হলে, কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(খ) The Government Servants (Conduct) Rules, 1979-এর ১৩(১) উপবিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে।

(গ) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে একজন জামানতদারসহ ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি যদি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি এবং তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;

(ঘ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (গ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করা যাবে;

(ঙ) নিয়োগের পরবর্তীকালে যে কোন সময়ে প্রার্থীর যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, অসত্য তথ্য প্রদান বা অন্য কোন ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে এবং চাকরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাঁকে চাকরি হতে বরখাস্ত করা ছাড়াও তাঁর বিরুদ্ধে যে কোন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে;

(চ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত সরকারি বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ছ) চাকরিতে জ্যেষ্ঠতা সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হবে;

(জ) যদি নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণ কোন বিদেশী নাগরিককে বিয়ে করে থাকেন অথবা বিয়ে করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে তাঁর নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না; এবং

(ঞ) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিকভাতা পাবেন না।

০৩। উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে, আগামী ২১/১০/২০২০খ্রিঃ তারিখ পূর্বাহ্নে পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা এ যোগদান করার জন্য নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং তাঁর নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ

০৪। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারী করা হলো।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত:
তারিখ: ০৬/১০/২০২০
(জিয়াউল হাসান এনডিসি)
সচিব

২১ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ।
নং-২২.০০.০০০০.০৭২.১১.০২৬.১৯/১৭০ তারিখ: -------------------------
০৬ অক্টোবর ২০২০ খ্রিষ্টাব্দ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ।

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব/সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়/জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
০৬। অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। উপপরিচালক, বাংলাদেশ সরকারি ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
১৩। সিস্টেম এনালিস্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪। জনাব/বেগম-------------------------------------------------------------------------------------------------------

০৬/১০/২০২০

(মো: লুৎফর রহমান)
উপসচিব
☎: ৯৫৪০১৪১